

Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 15 April, 2025

ঝিনাইদহে পাওয়া টাকা চাওয়াকে কেন্দ্র করে দ্বন্দ্ব মোহাম্মদ আলী নামের এক দোকানিকে পিটিয়ে হত্যার ঘটনা ঘটেছে। মঙ্গলবার সকালে ঝিনাইদহ সদর উপজেলার বাদপুকুরিয়া গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, ওই গ্রামের মোহাম্মদ আলীর মুদি দোকান থেকে বাকিতে পণ্য ক্রয় করে একই গ্রামের আসাদুল ইসলাম। মঙ্গলবার সকালে পার্শ্ববর্তী ত্রিমোহণি বাজারে যাওয়ার সময় আসাদুলের কাছে টাকা চায় মোহাম্মদ আলী। সেসময় আসাদুল মোহাম্মদ আলীর উপর চড়াও হলে দুজনের মাঝে শুরু হয় হাতাহাতি। হাতাহাতি এক পর্যায়ে আসাদুল ও তার পরিবারের লোকজন মোহাম্মদ আলীকে মারপিট করে। এতে সে অসুস্থ হয়ে পড়লে সেখান থেকে তাকে স্থানীয়রা উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়ার পথেই মোহাম্মদ আলী মারা যায়। অপরদিকে এ ঘটনার পর অভিযুক্ত আসাদুল, তার পিতা আসকর আলীসহ ৩ জনকে আটক করেছে পুলিশ।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লা আল মামুন বলেন, ঘটনা শোনার সাথে সাথে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। অভিযুক্ত আসাদুলসহ তিন জনকে পুলিশ আটক করে। তবে এ ঘটনায় পরিবারের পক্ষ থেকে কেউ এখনও কোন মামলা করেনি। মামলা করলে পরবর্তী আইনআনুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:26

URL: <https://timestodaybd.com/across-the-country/775807824>